ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২২৩৬
মোহনপুর, ৮ আগস্ট, ২০২৫

**হর ঘর তিরঙ্গা ঃ মোহনপুরে ১২ আগস্ট মেগা ক্যুইজ প্রতিযোগিতা**

মোহনপুর পুর পরিষদের উদ্যোগে আগামী ১২ আগস্ট হর ঘর তিরঙ্গা কর্মসূচির অঙ্গ হিসেবে মোহনপুর পুর পরিষদ কার্যালয় প্রাঙ্গণে মেগা ক্যুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রথম পুরস্কার ২টি লেপটপ, দ্বিতীয় পুরস্কার ২টি টেব, তৃতীয় পুরস্কার ২টি বাই-সাইকেল। এছাড়া উপস্থিত দর্শকদের জন্য থাকছে ওপেন ক্যুইজ। পুরস্কার হিসেবে থাকছে ১৫টি ল্যাপটপ ব্যাগ, ১০টি স্মার্ট ফোন, ১৫টি স্মার্ট ওয়াচ, ৩০টি দেওয়াল ঘড়ি এবং ১০ জনকে ১০০০ টাকা করে পুরস্কার। ক্যুইজ এর বিষয় ত্রিপুরার ইতিহাস ও ভারতের স্বাধীনতা আন্দোলন (১৮৫৭-১৯৪৭)। মোহনপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত নবম থেকে একাদশ শ্রেণির বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। প্রতিটি দলে ২ জন করে প্রতিযোগী অংশগ্রহণ করতে পারবে। উক্ত ক্যুইজ প্রতিযোগিতায় উপস্থিত থাকবেন কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ। মোহনপুর মহকুমার মহকুমা শাসক তথা মোহনপুর পুর পরিষদের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক সুভাষ দত্ত এ সংবাদ জানান।

******